চুয়াডাঙ্গায় দরিদ্র দুস্থ ও অসচ্ছল মানুষের মাঝে প্রধানমন্ত্রীর উপহার বিতরণ

চুয়াডাঙ্গা জেলার দরিদ্র দুস্থ ও অসচ্ছল মানুষ দের মাঝে প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ করেছেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসন।

সোমবার বেলা ১০ ঘটিকা ও বেলা ৩:৩০ ঘটিকার সময় জেলা প্রশাসনের কর্মকর্তা কর্তৃক এই প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার ও চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম।

চুয়াডাঙ্গা পৌরসভার ৯টি ওয়ার্ডের ৩৫০ পরিবারের দরিদ্র অসচ্ছল পরিবারের মানুষদের মাঝে এই প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ করা হয়।

এসময় জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বলেন, প্রধানমন্ত্রীর এই উপহার সামগ্রী পর্যায়ক্রমে চুয়াডাঙ্গা জেলার অসচ্ছল দরিদ্র মানুষের মাঝে বিতরণ কার্যক্রম চলমান থাকবে।

প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ কার্যক্রম আরো উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ সাদিকুর রহমান, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ আবু জিহাদ ফখরুল আলম খান, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক মুনিরা পারভীন, এনডিসি আমজাদ হোসেন, নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমান, নির্বাহী ম্যাজিস্ট্রেট নজরুল ইসলাম সহ চুয়াডাঙ্গা পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর বৃন্দ।

এই কার্যক্রমকে সাধুবাদ জানিয়েছে প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী ভোগকারী দুস্থ ও অসচ্ছল পরিবারের লোকজন।

চুয়াডাঙ্গায় শিশু লামমীম ফিরে পেলো তার মায়ের কোল

শিশু লামমীম কে তার মায়ের কোলে ফিরিয়ে দিলেন চুয়াডাঙ্গার পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম।

মোছাঃ হালিমা খাতুন (২৮), পিতা-মোঃ আলামিন মন্ডল, সাং- ইসলামপাড়া, থানা ও জেলা-চুয়াডাঙ্গার সাথে মোঃ নাজিম উদ্দিন (৩৬), পিতা-আব্দুল হামিদ, সাং-করিমপুর, থানা-দামুড়হুদা, জেলা- চুয়াডাঙ্গার ইসলামী শরিয়া মোতাবেক বিবাহ্ হয়। বিবাহিত জীবনে তাদের লামমীম নামে একটি পুত্র সন্তান জন্ম নেয়। পারিবারিক টানাপোড়ন ও বিভিন্ন কারণে তাদের সংসারে অশান্তি শুরু হয়। একপর্যায়ে অদ্য ২৫.০৪.২০২১ খ্রি. তারিখ সকাল অনুমান ০৭.৩০ ঘটিকার সময় হালিমা খাতুনকে তার স্বামী মোঃ নাজিম উদ্দিন, শ্বাশুড়ী- মোছাঃ রহিমা খাতুন, শ্বশুর-আব্দুল হামিদ এবং জা-মোছাঃ রঙ্গিলা খাতুনগণ মিলে মারধর করে তার শিশু পুত্রকে আটকে রেখে তাকে বাড়ি থেকে বের করে দেয়।

হালিমা খাতুন দিশেহারা হয়ে পুলিশ সুপার চুয়াডাঙ্গা মোঃ জাহিদুল ইসলাম এর নিকট লিখিত অভিযোগ জানান। পুলিশ সুপার, চুয়াডাঙ্গা মহোদয় উক্ত বিষয়টির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তার কার্যালয়ে অবস্থিত জেলা “উইমেন সাপোর্ট সেন্টার” এর দায়িত্ব প্রাপ্ত এএসআই (নিরস্ত্র) মিতা রানী’কে দায়িত্ব দেন। দায়িত্বপ্রাপ্ত অফিসার জেলা গোয়েন্দা শাখা, চুয়াডাঙ্গার সহযোগীতায় হালিমা খাতুনের স্বামী নাজিম উদ্দিনের বাড়ি থেকে দেড় বছরের শিশু লামমীম’কে উদ্ধার করে তার মায়ের কোলে ফিরিয়ে দেয়।

পুলিশ সুপারের প্রত্যক্ষ হস্তক্ষেপে হালিমা খাতুন তার শিশু পুত্র সন্তানকে ফিরে পেয়ে পুলিশ সুপারের প্রতি কৃতজ্ঞতা জানান।

জীবননগরে গৃহ বধূকে শ্লীলতা হানির চেষ্টায় থানায় অভিযোগ

জীবননগর উপজেলা হাসাদাহ ইউনিয়ন করিমপুর গ্রামের দুই সন্তানের জননীকে রাতের আধারে তুলে নিয়ে যেয়ে জোর পুর্বক শ্লীলতা হানীর চেষ্টার অভিযোগ পাওয়া গেছে একই গ্রামের বসবাসকারী দুই যুবকের বিরুদ্ধে। উক্ত ঘটনার পরিপ্রেক্ষিতে বাদি পক্ষ থানায় অভিযোগ দ্বায়ের করলে অভিযোগ নামা তুলে নিতে বাদি পক্ষকে বিভিন্ন ভাবে হুমকি ধাকি প্রোয়গ করা হচ্ছে বলে জানাযায় ।

ঘটনার বিবারনে জানাযায়, হাসাদাহ ইউনিয়নের করিমপুর গ্রামের করিমপুর বাজারে চা বিক্রেতা সাইফুল ইসলামের সুন্দরি স্ত্রী দুই সন্তানের জননী রুবিনা খাতুন (২৪) কে একই গ্রামে বসবাসকারী ইদ্রিস আলীর ছেলে মিলন হোসেন (২৮) ও আজিজুল হক (৩৫) পিতা অজ্ঞাত। রুবিনা খাতুন অভিযোগ করে বলেন যে, মিলন এবং আজিজুল তাকে বিভিন্ন সময় বিভিন্ন ভাবে কু-প্রস্তাব দিয়ে আসছিলেন তাদের কু-প্রস্তাবে রাজি না হওয়ায় গত ১৮ই এপ্রিল শনিবার রাতে আধারে গৃহ বধু রুবিনা খাতুনকে একা পেয়ে জোর পুর্বক মাঠের মধ্যে ধরে নিয়ে যেয়ে শ্লীলতা হানীর চেষ্টা করে।

এ সময় রুবিনা খাতুন চিৎকার দেওয়ার ভয় দেখালে উপরোক্ত অভিযুক্ত ব্যাক্তিরা তাকে ছেড়ে পালিয়ে যায়। এ সময় রুবিনা খাতুন গ্রামের জৈনক আইনদ্দিনের বাড়িতে যেয়ে আশ্রয় নেই। পরে বিষয়টি জানাজানি হয়ে গেলে রুবিনার পরিবারের লোক এসে তাকে তার বাড়িতে ফিরিয়ে নিয়েজান। পরে অভিযুক্ত ব্যাক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যাবস্থা গ্রহগনের জন্য স্বামী সাইফুল বাদি হয়ে জীবননগর থানায় একটা লিখিত অভিযোগ দ্বায়ের করেন ।

বিষয়টি নিয়ে অভিযুক্ত আজিজুলের নিকট জানতে চাইলে আজিজুল সু–কৌশলে নিজের দোষ এড়িয়ে যাওয়ার চেষ্টা করেন এবং ঘটনার সাথে মিলনের সম্পৃক্তা আছে বলে জানান। ঘটনাটি এলাকাই জানাজানি হলে ঘটনার সাথে জড়িত দোষী ব্যাক্তিদের বিরুদ্ধে আউনানুগ ব্যাবস্থা গ্রহনের জন্য প্রশাসনের নিকট জোর দাবি জানান এলাকাবাসী ।

এ দিকে বাদি পক্ষ অভিযোগ করে বলেন যে, আসামি পক্ষ মামলা তলে নিতে তাকে বিভিন্ন ভাবে হুমকি ধামকি দিয়ে আসছেন । বর্তমানে

এমতাবস্থায় বাদি পক্ষ আইনি সহতায় চেয়েছেন সকল প্রশাসনিক কর্মকর্তাদের কাছে।

দর্শনায় শশুর বাড়িতে ২ কেজি গাঁজাসহ জামাই গ্রেফতার ১

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ২ কেজি গাঁজাসহ শশুর বাড়িতে ২ কেজি গাঁজাসহ একজনকে গ্রেফতার করেছে পুলিশ।

জানাযায় দিনগত শনিবার রাত ২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহাবব্বুর রহমান কাজলের নেতৃত্বে এস আই মাজহারুল ও এ এস আই আনোয়ার হোসেন গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ দর্শনা পুলিশ মাদক বিরোধী অভিযান চালায় মদনা গ্রামে।

এ সময় পুলিশ মদনার স্কুল পাড়ার মৃত্য বাদলা মন্ডলের জামাই হাসান মুন্সি(৩৬) কে বাঁশ বাগানের ভিতর থেকে ২ কেজি গাঁজাসহ তাকে গ্রেফতার করে। গ্রেফতার কৃত জামাইয়ের বাড়ি ফরিদপুর জেলার বোয়ালমারী থানার দাদপুর গ্রামের মৃত্য আব্দুল খালেক মুন্সীর ছেলে।এ ঘটনায় দর্শনা থানার এস আই মাজহারুল ইসলাম বাদি হয়ে হাসান মুন্সির বিরুদ্ধে দায়ের করেছে মামলা।

দামুড়হুদায় কর্মহীন পরিবারের মধ্যে ইফতার সামগ্রী বিতরণ

দামুড়হুদায় যুব সমাজের আয়োজন সমাজের কর্মহীন দরিদ্র পরিবারের মধ্যে ইফতার সামগ্রী বিতরণ করা হয়েছে।

জানা গেছে, দামুড়হুদা উপজেলা সদরের দশমী পাড়ার যুব সমাজের

আয়োজনে স্বস্থ্যবিধি মেনে করোনা ভাইরাসের রোজাদার কর্মহীন দরিদ্রে পরিবারের মাঝে প্রায় ৩ শতাধিক ইফতার সামগ্রী বিতরণ করা হয়।

দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন দামুড়হুদা দারুস সুন্নাহ হাফিজ মাদ্রাসার হাফেজ সাফায়েত উল্লাহ।

এসময় উপস্থিত ছিলেন, রাকিব ফাউন্ডেশনের পরিচালক আরজু আহান্মেদ রাকিব, দামুড়হুদা প্রেসক্লাবের যুগ্ম সম্পাদক হাবিবুর রহমান হাবীব, সেলিম, মহশিন, সহেল, সহেল-২, সজিব, সবুজ, আজিজুল, মিলন, সৌরভ, মিন্টুসহ রোজাদার ব্যক্তিরা।

দামুড়হুদায় কর্মহীন ভ্যানচালক পরিবারের মাঝে খাদ্য সামগ্রী প্রদান

দামুড়হুদায় জেলা প্রশাসকের উদ্যোগে ভ্যানচালক পরিবারের মাঝে খাদ্য সামগ্রী পৌঁছে দিলেন উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

জানা গেছে, সারা দেশের ন্যায় চুয়াডাঙ্গার জেলাবাসীকেও করোনা ভাইরাস থেকে সুরক্ষিত রাখতে সরকারীভাবে বন্ধ রাখা হয়েছে সরকারী বেসরকারী অফিস, দোকানপাটসহ বিভিন্ন যানবাহন। এতে কর্মহীন হয়ে পড়েছে চুয়াডাঙ্গার খেটে খাওয়া স্বল্প আয়ের মানুষ গুলো। লকডাউনে কর্মবিমুখ অসহায় ভ্যানচালক।

এ লক্ষে দামুড়হুদা উপজেলা সদরের উজিরপুর গ্রামের গোলাম মোস্তফার পরিবারের অভাবের কথা গত বৃহস্পতিবার জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার এর নিকট জানালে তিনি তাহার খাদ্যের ব্যবস্থা করে দেবেন বলে আশস্থ করেন।

এরই ধারাবাহিকতায় গতকাল শুক্রবার বিকাল ৪ টার দিকে জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার এর পক্ষ থেকে পাঠানো খাদ্য সামগ্রী নিয়ে

ভ্যানচালক গোলাম মোস্তফার বাড়িতে পৌছান দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

এ সময় কর্মহীন ভ্যানচালক গোলাম মোস্তফা জেলা প্রশাসকের পাঠানো খাদ্য সামগ্রী পেয়ে কৃতজ্ঞতা প্রকাশ করে দোয়া কামনা করেন।

আলমডাঙ্গায় ধর্ষণের অভিযোগে ইলেকট্রিক মিস্ত্রি গ্রেফতার

আলমডাঙ্গার কামালপুর গ্রামের ইলেকট্রিক মিস্ত্রিকে ক্লিনিকের এক আয়াকে ধর্ষণের অভিযোগে গ্রেফতার করেছে পুলিশ।
জানা যায়, আলমডাঙ্গার কামালপুর গ্রামের মোনায়েম আলীর ছেলে ইলেকট্রিক মিস্ত্রি এনামুল হকের (২৭) বিরুদ্ধে কাঠাভাঙ্গা গ্রামের শিউলি খাতুন (৩০) থানায় ধর্ষণের অভিযোগ করে। অভিযোগের পর পুলিশ ওই ইলেক্ট্রিক মিস্ত্রিকে গ্রেফতার করেছে।

এজাহার সূত্রে জানা যায়, শিউলি খাতুন আলমডাঙ্গার একটি ক্লিনিকে আয়া হিসেবে কাজ করেন। এরই এক পর্যায়ে বেশ কিছু দিন আগে এনামুল হকের সাথে শিউলি খাতুনের মোবাইল ফোনে প্রেমের সম্পর্ক গড়ে উঠে। প্রেমের সম্পর্ক গড়ে উঠায় বউ পরিচয় দিয়ে বিভিন্ন স্থানে নিয়ে বেড়িয়েছে।

গত ১১ এপ্রিল বিয়ে করবেন এমন প্রতিশ্রুতি দিয়ে আলমডাঙ্গা শহরে আসতে বলে। শিউলি খাতুন প্রেমিকের কথা মত আলমডাঙ্গা শহরে গিয়ে প্রেমিকের সাথে দেখা করেন। বিয়ের জন্য শহরের এক বাড়িতে নিয়ে জোর করে ধর্ষণ করা হয়েছে বলে জানান শিউলি।

এলাকাবাসি জানিয়েছে, শিউলি খাতুন অভিযুক্ত এনামুল হকের সমন্ধীর ফুফু শাশুড়ী। সেই সুবাদে এনামুলের সাথে শিউলি খাতুনের আগে থেকেই পরিচিত ছিল। তাদের মধ্যে মোবাইলে কথাবার্তার এক পর্যায়ে প্রেমের সম্পর্ক গড়ে উঠে।

এ সংক্রান্ত শিউলি খাতুনের লিখিত অভিযোগ পাওয়ার পর পুলিশ গতকাল

শুক্রবার এনামুলকে গ্রেফতার করেছে। আজ শনিবার শিউলি খাতুনের মেডিকেল পরীক্ষা করা হবে।

দর্শনায় পরকিয়ায় লিপ্ত হয়ে স্বামীকে স্যালাইন এ বিষ প্রয়োগ, স্ত্রী গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের সড়াবাড়িয়াতে স্ত্রী কাকলী খাতুন পরকিয়ায় লিপ্ত হয়ে স্বামী মাসুদকে স্যালাইন এর সাথে বিষ মিশিয়ে হত্যার চেষ্টা করেছে। স্বামী মাসুদ চুয়াডাঙ্গা সদর হাসপাতালের বিছানায় কাতরাচ্ছে।

জানা গেছে, গতকাল শুক্রবার সকাল ১০ টায় ঘুমের ঔষধ এবং আলুর গাছে দেওয়া কীটনাশকে বিষ স্যালাইন এর সাথে মিশিয়ে খেতে দেয় স্ত্রী কাকলী খাতুন। ঐ বিষ মিশানো স্যালাইন খাওয়ার কিছুক্ষণ পর মাসুদ এর শরীরে বিষক্রিয়া শুরু হলে তাকে দ্রুত ১১ ঘটিকার সময় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যায়।
আরও জানা গেছে, স্ত্রী কাকলী খাতুন জীবননগর উপজেলার হরিয়াননগর গ্রামের আঃ কুদ্দুস এর মেয়ে এবং তার স্বামী মাসুদ চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের সড়াবাড়িয়া গ্রামের কাদির মন্ডল এর ছেলে।

এই বিষ খাওয়ার ঘটনা স্ত্রী কাকলীর কাছে জানতে চাইলে তিনি বলেন, আমি ঘুমের বড়ি এবং ঘরে আলু গাছে দেওয়ার জন্য বিষ ছিল সেটা মিশিয়ে স্যালাইন এর সাথে খেতে দিয়েছি।
এ ঘটনায় মাসুদের মা মমতাজ বেগম বাদি হয়ে পরকীয়ায় লিপ্ত থাকা সাড়াবাড়িয়া গ্রামের ওসমান মোল্লার ছেলে মোংলা ওরফে মুকুল ও কাকুলীর বিরুদ্ধে দর্শনা থানায় একটি মামলা দায়ের করছে।

এ ব্যাপারে দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহাবব্বুর রহমান কাজল জানান, প্রাথমিক জিজ্ঞাসাবাদে ঘটনার সত্যতা স্বীকার করছে কাকলী।

কুড়ুলগাছি চন্ডিপুরের কৃতিসন্তান বেতার শিল্পী সাংবাদিক আজিমুদ্দীনের মৃত্যু: বিভিন্ন মহলের শোক প্রকাশ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের চন্ডিপুর গ্রামের মৃত ইদ্রিস আলীর ছেলে খুলনা বেতারের তালিকাভুক্ত শিল্পী, দর্শনা প্রেসক্লাবের ও কার্পাসডাঙ্গা নজরুল স্মৃতি সংসদের অন্যতম সদস্য সাংবাদিক আজিমুদ্দীন আহমেদ গতকাল শক্রবার দুপুর ১ টার দিকে নিজ বাড়িতে স্ট্রোকে আক্রান্ত হয়ে মৃত্যু বরন করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬০ বছর। মৃত্যুকালে তিনি ৪ মেয়ে নাতী নাতনী সহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন। তিনি দীর্ঘ ৭ মাস অসুস্থতায় ভুগছিলেন।
সাংবাদিক আজিমুদ্দীনের মৃত্যুতে পরিবার পরিজন সহ সাংবাদিক ও সাংস্কৃতিক মহলে শোকের ছায়া নেমে আসে। তাকে শেষ বারের মত বিদায় জানাতে ছুটে আসেন তার দীর্ঘদিনের সহকর্মী ও শিল্পী সহ সাংস্কৃতিক অঙ্গনের মানুষেরা।

তাঁর মৃত্যুতে দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরন্নবী, সাধারই সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, যুগ্ম সম্পাদক শরীফ রতন, সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান মিলন, ক্রীড়া সম্পাদক বিল্লাল হোসেন, জনপ্রিয় অনলাইন নিউজ পোর্টাল দৈনিক জাগো দেশ এর সম্পাদক শিমুল রেজা, কার্পাসডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি এম এ জলিল, সাধারণ সম্পাদক আতিয়ার রহমান সহ দর্শনা প্রেসক্লাবের সভাপতি সম্পাদক সহ প্রেসক্লাবের সকল সদস্যরা শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা ও শোক প্রকাশ করেছেন।

গতকাল বাদ আছর চন্ডিপুর গ্রাম্য কবরস্থানে তার দাফন সম্পন্ন করা হয়।

দামুড়হুদায় জাতীয় পুষ্টি সপ্তাহ’র উদ্বোধন

“খাদ্যের কথা ভাবলে, পুষ্টির কথা ভাবুন” এ প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে দামুড়হুদায় জাতীয় পুষ্টি সপ্তাহ এর উদ্বোধন করা হয়েছে।
গতকাল বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষে নির্বাহী অফিসার দিলারা রহমানের সভাপতিত্বে ২৩-২৯ পুষ্টি সপ্তাহের উদ্বোধন করেন।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কৃষি অফিসার কৃষিবিদ মনিরুজ্জামান, প্রাণী সম্পদ অফিসার ডাঃ মশিউর রহমান, সমাজসেবা অফিসার ছানোয়র হোসেন, মাধ্যমিক শিক্ষা অফিসার আঃ মতিন, মৎস্য কর্মকর্তা আইয়ূব আলী, সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা হুসনে মোবারক, প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সাংবাদিক তানজীর ফয়সাল, এম আই মিরাজ প্রমুখ।

পুষ্টি সপ্তাহের উদ্বোধন অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পঃ পঃ কর্মকর্তা ডাঃ আবু হেনা মোহাম্মদ জামাল শুভ।